

১. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত নারী-পুরুষ, বৃদ্ধ-যুবক-শিশু সকলকে প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা প্রদান করা।

২. দিন-রাত ২৪ঘন্টা জরুরী বিভাগ খোলা থাকে এবং আগত রুগীদের জরুরী চিকিৎসা সেবা প্রদান করা হয়।

৩. ডায়রিয়া রোগীদের জন্য ওআরটি কর্নার চালু আছে।

৪. হাসপাতালে আগত বহির্বিভাগ ও অন্তর্বিভাগের রোগীদের প্রয়োজনীয় প্যাথলজি পরীক্ষা ও এক্সরে করা হয়।

৫. ভর্তি রোগীদের চিকিৎসকের তত্ত্বাবধানে মেডিসিন সহ

৬. জেনারেল সার্জারি ও গাইনি ও প্রসূতি রোগীদের অপারেশন করা হয়(প্রয়োজ্য ক্ষেত্রে)।

৭. জাতীয় যক্ষ্মা ও কুষ্ঠ নিয়ন্ত্রণ কার্যক্রমের আওতায় যক্ষ্মা রোগীদের কফ পরীক্ষার জন্য কফ সংগ্রহ করা হয় এবং যক্ষ্মা ও কুষ্ঠ রোগীদের বিনামূল্যে ঔষধ সরবরাহ করা হয়।

৮. ইপিআই কার্যক্রমের আওতায় প্রতিদিন মা ও শিশুদের প্রতিষেধক টিকা প্রদান করা হয়।

৯. আগত রোগীদের পুষ্টি ও প্রজনন স্বাস্থ্য সম্পর্কে শিক্ষা প্রদান করা হয়।

১০. শিশু বান্ধব কার্যক্রম পরিচালনা করা হয়।

১১. আগত কিশোর -কিশোরী ও সক্ষম দম্পতিদের মধ্যে প্রজনন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম পরিচালনা করা হয়।

১২. বিভিন্ন উপ স্বাস্থ্য কেন্দ্র ও স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র হতে রেফারকৃত রোগীদের যত্ন সহকারে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়।

সরবরাহ সাপেক্ষে বিনামূল্যে ঔষধ প্রদান করা হয় তবে চিকিৎসার স্বার্থে কোনো ক্ষেত্রে ঔষধ বাহির হইতে ক্রয় করার প্রয়োজন হতে পারে।

হাসপাতালের ওয়ার্ড সহ বিভিন্ন স্থানে সরবরাহকৃত ঔষধ এর তালিকা সহ প্রদানকৃত সেবা সমূহের তালিকা টানানো আছে।